

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরে বাংলানগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.১১.০০১(অংশ-৪).২৩- ৬০৩৬

তারিখ: ০৬.০৬.২০২১ খ্রি।

অফিস আদেশ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় রাজস্ব কাঠামোভুক্ত ১২(বার)টি ক্যাটাগরির বিভিন্ন পদে পর্যায়ক্রমে নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। পরীক্ষার সার্বিক নিরাপত্তা বজায় রেখে সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পাদন এলজিইডি'র মূল লক্ষ্য। চলমান নিয়োগ প্রক্রিয়ার ধারাবাহিকতায় ০৯-০৬-২০২৩খ্রি. তারিখে কমিউনিটি অর্গানাইজার পদে ঢাকা মহানগরীর ৬১টি পরীক্ষা কেন্দ্রে এমসিকিউ লিখিত নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার প্রস্তুতিমূলক যাবতীয় কার্যক্রম এলজিইডি প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হচ্ছে। এমতাবস্থায় চলমান নিয়োগ কার্যক্রমের সাথে জড়িত এলজিইডি সদর দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ ব্যতীত অন্যান্য সকল কর্মকর্তা/কর্মচারীগণকে (পরীক্ষার পূর্বদিন হতে পরীক্ষার দিন পর্যন্ত) চলমান নিয়োগ পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনের লক্ষ্যে এলজিইডি প্রধান কার্যালয়ে গমনাগমন নিয়ন্ত্রিত করা হলো এবং দাপ্তরিক কার্যক্রম অনলাইনে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। উল্লেখ্য সকল প্রকল্প পরিচালক এবং ইউনিট প্রধানগণ যথাসময়ে অফিসে উপস্থিত হয়ে স্ব-স্ব কার্যক্রম পরিচালনা করবেন। বিশেষ প্রয়োজনে প্রশাসন শাখায় যোগাযোগ করা যেতে পারে।

জনস্বার্থে এই আদেশ জারী করা হলো।



(সেখ মোহাম্মদ মহসিন)

প্রধান প্রকৌশলী

ফোন: ৫৮১৫২৮০২

ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১) সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, , এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, , এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪) প্রকল্প পরিচালক, , এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৫) নির্বাহী প্রকৌশলী ও সেকশন ইনচার্জ, এমআইএস সেকশন, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।